# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫১৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৩৬]

১১. কিতাবুল জুমআ বা জুমআ পর্ব (كتاب الجمعة)

পরিচ্ছেদঃ জুমআর দিন ইমামকে রেখে কিছু লোক চলে গেলে

باب إِذَا نَفَرَ النَّاسُ عَنِ الإِمَامِ فِي صَلاَةِ الْجُمُعَةِ فَصَلاَةُ الإِمَامِ وَمَنْ بَقِيَ جَائِزَةٌ

আরবী

[illegible]ـ عَنْ جَابِرِ بْنِ عَبْدِاللَّهِ رَضِيَ الله عَنْهُمَا قَالَ: بَيْنَمَا نَحْنُ نُصَلِّي مَعَ النَّبِيِّ إِذْ أَقْبَلَتْ عِيرٌ تَحْمِلُ طَعَامًا، فَالْتَفَتُوا إِلَيْهَا حَتَّى مَا بَقِيَ مَعَ النَّبِيِّ إِلاَّ اثْنَا عَشَرَ رَجُلاً، فَنَزَلَتْ هَذِهِ الآيَةُ: ﴿وَإِذَا رَأَوْا تِجَارَةً أَوْ لَهْوًا انْفَضُّوا إِلَيْهَا وَتَرَكُوكَ قَائِمًا﴾

বাংলা

৫১৪) জাবের বিন আব্দুল্লাহ (রাঃ) বলেনঃ কোন এক জুমআর দিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে মসজিদে নববীতে (জুমআর) নামায আদায় করছিলাম (নামাযের অপেক্ষায় ছিলাম এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের খুতবা শুনছিলাম)। এমন সময় পণ্যদ্রব্য বহন করে একটি বাণিজ্যিক (উটের) কাফেলা আগমণ করল। লোকেরা সেদিকে চলে গেল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে মাত্র ১২জন লোক অবশিষ্ট ছিল। তখন আল্লাহ তাআলার এই বাণী নাযিল হয়ঃ

﴿وَإِذَا رَأَوْا تِجَارَةً أَوْ لَهْوًا انفضُّوا إِلَيْهَا وَتَرَكُوكَ قَائِمًا﴾

‘‘তারা যখন কোন ক্রয়-বিক্রয় এবং খেল-তামাশা দেখে তখন তোমাকে দাঁড়ানো রেখে সেদিকেই ছুটে যায়’’। (সূরা জুমআঃ ১১)

টিকাঃ জুমআর দিন যদি হাদীছে বর্ণিত অনুরূপ কোন পরিস্থিতি সৃষ্টি হয় তাহলে ইমামের সাথে যারা অবশিষ্ট থাকবে তাদেরকে নিয়ে ইমাম নামায আদায় করে নিলে নামায বিশুদ্ধ হবে। এমন কি কতজন লোক হলে জুমআর সালাত আদায় করা যাবে তার কোন নির্ধারিত সংখ্যার পক্ষে সুসাব্যস্ত প্রমাণ নেই। জামাআতের সাথে নামায পড়তে গেলে যে কয়জন লোক দরকার সেই পরিমাণ, লোক হলেই জুমআ কায়েম করা যাবে।

## English

If some people leave while the Imam during the Salat-ul-Jumu'ah

Narrated Jabir bin `Abdullah:

While we were praying (Jumua Khutba & prayer) with the Prophet (p.b.u.h), some camels loaded with food, arrived (from Sham). The people diverted their attention towards the camels (and left the mosque), and only twelve persons remained with the Prophet. So this verse was revealed: "But when they see Some bargain or some amusement, They disperse headlong to it, And leave you standing." (62.11)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89812

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন